

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 11-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Delhi Blasts :**

নয়াদিল্লির লালকিলা মেট্রো স্টেশনের কাছে সুভাষ মার্গ ট্রাফিক সিগন্যালে গতকাল সন্ধ্যায় একটি শক্তিশালী গাড়ি বিস্ফোরণের ঘটনায় ৮ জনের মৃত্যু হয়েছে এবং বেশ কয়েকজন আহত হয়েছেন। দিল্লি পুলিশ কমিশনার সতীশ গোলচা জানিয়েছেন, বিস্ফোরণের কারণে আশেপাশের যানবাহনও ক্ষতিগ্রস্ত হয়েছে। বিস্ফোরণের পরে একাধিক আহতকে লোক নায়ক জয় প্রকাশ হাসপাতালে নিয়ে আসা হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পরিস্থিতি থিয়ে দেখতে দিল্লি পুলিশ কমিশনার, এন.আই.এ-র ডি.জি এবং ইন্টেলিজেন্স ব্যৱোর ডিরেক্টরের সঙ্গে কথা বলেছেন।

# # # # # Byte-Amit Shah# # # #

এদিকে, দিল্লিতে বিস্ফোরণের পর পরিস্থিতি থিয়ে দেখেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বিস্ফোরণে যাঁরা তাঁদের প্রিয়জনদের হারিয়েছেন, তাঁদের প্রতি সমবেদনা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী মোদী আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এই ঘটনাকে অত্যন্ত বেদনাদায়ক এবং উদ্বেগজনক বলে অভিহিত করেছেন।

\* \* \* \* \*

**CM-Degree College :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ উদয়পুরের কাঁকড়াবনে রাজ্যের ২৮তম সরকারী ডিগ্রী কলেজের উদ্বোধন করবেন। তাছাড়া ডায়েটের ৫০ আসন বিশিষ্ট ছাত্রী নিবাসেরও উদ্বোধন করবেন। বিকেলে সাক্ষমের মনুবাজারে মুখ্যমন্ত্রী জনজাতি মহিলা তাঁতি উন্নয়ন কর্মসূচির আওতায়

সুতা বিতরণ করবেন এবং বিলোনীয়ায় বল্দে মাতরম গানের ১৫০বর্ষ  
উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করবেন।

\*\*\*\*\*

## **TBSE PRESS MEET**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে ২০২৬ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সূচী ঘোষনা করা হয়েছে। সেই সঙ্গে মাদ্রাসা ফাজিল আর্টস, মাদ্রাসা থিওলজি ও মাদ্রাসা আলিম পরীক্ষার সূচীও ঘোষনা করা হয়েছে। মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি ড: ধনঞ্জয় গন চৌধুরী জানান, আগামী বছরের মাধ্যমিক ও মাদ্রাসা আলিম পরীক্ষা ২৬শে ফেব্রুয়ারী শুরু হবে। চলবে ২৪শে মার্চ পর্যন্ত। অপরদিকে উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল ও মাদ্রাসা থিওলজি পরীক্ষা আগামী বছরের ২৫শে ফেব্রুয়ারী শুরু হবে। চলবে ৩০শে মার্চ পর্যন্ত।

\*\*\*\*\*

### **President :**

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্মু বলেছেন, ভারত ও অ্যাঙ্গোলার মধ্যে এ বছর কূটনৈতিক সম্পর্কের ৪০ বছর পূর্তি হচ্ছে, পাশাপাশি অ্যাঙ্গোলার স্বাধীনতা লাভেরও এটি সুবর্ণ জয়ন্তী বর্ষ। সেই প্রেক্ষাপটে তাঁর এই সফর বিশেষ তাৎপর্যপূর্ণ। রাষ্ট্রপতি গতকাল লুয়ান্ডায় অ্যাঙ্গোলার জাতীয় সংসদে ভাষণ দিয়ে বলেন, অ্যাঙ্গোলার স্বাধীনতা আন্দোলন এবং শান্তি থেকে গনতন্ত্রের পথে এগিয়ে চলার অনুপ্রেরণাদায়ক। ভারত ও অ্যাঙ্গোলা, পরম্পরার স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে একে অপরের পরিপূরক হিসেবে কাজ করবে বলেও রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন।

# # # # Byte-President# # # #

\*\*\*\*\*

### **PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দু'দিনের ভুটান সফরে যাবেন। সফরকালে তিনি এবং ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুক এক হাজার বিশ মেগাওয়াট পুনাটসাংচু-দ্বিতীয় পর্যায়ের জলবিদ্যুৎ প্রকল্পের উদ্বোধন করবেন। এই প্রকল্পটি ভারত ও ভুটানের যৌথ উদ্যোগে তৈরি করা হয়েছে। প্রধানমন্ত্রী ভুটানের চতুর্থ রাজা জিগমে সিংগে ওয়াংচুকের ৭০তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন এবং সে দেশের প্রধানমন্ত্রী শেরিং টোবগের সঙ্গেও দেখা করবেন।

\*\*\*\*\*

#### **Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, রঞ্জিয়া পাওয়ার প্ল্যান্টে কম্বাইন্ড সাইকেল গ্যাস টারবাইন প্রযুক্তির মাধ্যমে ১২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা হবে। এই প্রকল্পটির ভূমি পূজন হবে আগামী ২৬শে নভেম্বর। বর্তমানে রঞ্জিয়া পাওয়ার প্ল্যান্টে ১৯ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে।

\*\*\*\*\*

#### **Nipun Festival :**

পিএমশ্রী জোলাইবাড়ি এম এম দ্বাদশ বালিকা বিদ্যালয়ে গতকাল জোলাইবাড়ি ব্লক ভিত্তিক নিপুন উৎসব অনুষ্ঠিত হয়। এ উপলক্ষ্যে শোভাযাত্রা ও শিখন সামগ্রী প্রদর্শনীর আয়োজন করা হয়। উপস্থিতি ছিলেন শিক্ষা দপ্তরের উপঅধিকর্তা দিলীপ দাস, জোলাইবাড়ির বিদ্যালয় পরিদর্শক বিকাশ দেবনাথ।

\*\*\*\*\*

#### **AIDS Assistance :**

প্যটিন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল পশ্চিম মজলিশপুর গ্রাম পঞ্চায়েত অফিসে সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের অধীনে আটিফিসিয়াল লিঙ্গস ম্যানুফেকচারিং কর্পোরেশন অফ ইন্ডিয়ার উদ্যোগে ১১৪ জন দিব্যাঙ্গজন সুবিধাভোগীকে মোট ৫৯৫টি সহায়ক ডিভাইস এবং অন্যান্য

সামগ্রী প্রদান করেন। তিনি বলেন, এই উদ্যোগের লক্ষ্য দিব্যাঙ্গজনদের দৈনন্দিন জীবন এবং আঘনিভরতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করে স্বাবলম্বীর প্রচেষ্টা করা।

\*\*\*\*\*

### **CMO-Sepahijala :**

বৈধ ক্লিনিক্যাল এস্টারিশমেন্ট রেজিস্ট্রেশন না থাকায় সিপাহীজলা জেলার ৬টি প্যাথলজিক্যাল ল্যাবরেটরি বন্ধ করে দিয়েছে সিপাহীজলা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের এনফোর্সমেন্ট দল। সিপাহীজলা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ দেবাশীষ দাস ল্যাবরেটরির কর্তৃপক্ষকে প্রয়োজনীয় কাগজপত্র দেখিয়ে রেজিস্ট্রেশন সংগ্রহ করার নির্দেশ দিয়েছেন।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*